সমকাল

তারিখ 13 JUN 2017 পৃষ্ঠা ৩ কলাম ৮

জাতীয় বিশ্ববিদ্যালয়

# অনার্স প্রথম বর্ষে ভর্তি আবেদন শুরু ২৪ আগস্ট

সমকাল প্রতিবেদক

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের অনার্স প্রথম বর্ষে ভর্তির অনলাইন আবেদন গ্রহণ শুরু হবে আগামী ২৪ আগস্ট।

গতকাল সোমবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির সাধারণ সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদ এতে সভাপতিত্ব করেন। বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে আরও জানানো হয়, ভর্তি হওয়া শিক্ষার্থীদের ক্লাস শুরু হবে ১৫ অক্টোবর। সভায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোয় ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম শুরু, আসন সংখ্যা, ক্লাস শুরু ইত্যাদি বিষয়ে পৃষ্ঠা ১৩ : কলাম ৮

## অনার্স প্রথম বর্ষে

[তৃতীয় পৃষ্ঠার পর]

বিস্তারিত আলোচনা হয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক মো. মশিউর রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক মো. নোমান উর রশীদ, সব ডিন, রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক সভায় উপস্থিত ছিলেন।

**সিনেট অধিবেশন ১৭ জুন** : জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯তম সিনেট অধিবেশন-২০১৭ আগামী ১৭ জুন (শনিবার) সকাল ১০টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসের সিনেট হলে অনুষ্ঠিত হবে।

অধিবেশনে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ। অনুষ্ঠানে সিনেট সদস্য হিসেবে সংসদ সদস্যবৃন্দ, বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, বিভাগীয় কমিশনার, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও শিক্ষা-সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন।